



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার(লেভেল ৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা- ১০০০।

www.pallisanchaybank.gov.bd

নং- পসব্য/প্রকা/পরি-১৬/২০১৭-১৮/ ২০৭১

এপ্রিল ১৯, ২০১৮

উপজেলা সমন্বয়কারী

একটি বাড়ি একটি খামার প্রকল্প

ও

শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা

অতীব জরুরী

বিষয় : “ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ” বিতরণ পরবর্তী ব্যবস্থাপনা তথা ঋণ আদায় ও পুনঃবিনিয়োগ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। একটি বাড়ি একটি খামার প্রকল্পের প্রধান কার্যালয়ের ১৮-০৩-১৮ইং তারিখের এবাখা/উন্নয়ন/ঋণ নীতিমালা প্রঃ/১৩০/২০১৭/৫৫৫৮ নং স্মারকের মাধ্যমে অবহিত করা হয়েছে যে, একটি বাড়ি একটি খামার প্রকল্পের উপকারভোগীদের মধ্যে যারা দারিদ্র্য উত্তরণ প্রক্রিয়ায় রয়েছে তাদের জন্য তৃতীয় সংশোধিত প্রকল্পে ৫% সুদে “ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ” প্রদানের বিধান রাখা হয়েছে। বিতরণকৃত ঋণ আদায় ও পরবর্তী বিনিয়োগের দায়িত্ব পল্লী সঞ্চয় ব্যাংক-কে প্রদান করা হয়েছে এবং বিতরণকৃত ঋণ পরবর্তীতে পল্লী সঞ্চয় ব্যাংকের তহবিল হিসাবে বিবেচিত হবে।

০৩। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ অনুমোদিত নীতিমালা অনুযায়ী ইতেমধ্যে উপজেলা পর্যায়ে পল্লী সঞ্চয় ব্যাংকে উপকারভোগীর ব্যাংক হিসাব খুলে জনপ্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হারে ঋণ বিতরণ কার্যক্রম শুরু হয়েছে। নীতিমালা অনুযায়ী ১২টি সমান মাসিক কিস্তিতে ফ্লাট রেটে ৫% সার্ভিস চার্জসহ এই ঋণ আদায় করে পল্লী সঞ্চয় ব্যাংকে জমা করতে হবে। পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের এই ঋণ আদায় ও পরবর্তী বিনিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, উক্ত ঋণের মাসিক ভিত্তিতে কিস্তি আদায়, কিস্তির টাকা পল্লী সঞ্চয় ব্যাংকে নিয়মিত জমাকরণ, উক্ত তহবিল ঘূর্ণায়মান বিনিয়োগ ও তহবিল সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশ প্রদান করা হ'ল।

০৫। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত

(মোঃ জসীম উদ্দীন)

মহাব্যবস্থাপক

পরিচালন ও পরিদর্শন মহাবিভাগ

ফোন : ০২-৫৫১৩৮৫৩৭

gmoperation@pallisanchaybank.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. অফিস কপি।